**একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি -৩ অধিশাখা
website: www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫(অংশ-১)-৯৩

তারিখ ২৭/০৬/১৪২৭ ব. / ১২/১০/২০২০ খ্রি.

বিষয়ঃ দৈনিক ভিত্তিক শ্রমিক মজুরি হার পুন:নির্ধারণ

উপর্যুক্ত বিষয়ে কাজের ধরন বিবেচনায় ইতঃপূর্বে যে সকল কার্যালয়ের জন্য কেইস টু কেইস ভিত্তিতে অর্থ বিভাগ কর্তৃক দৈনিক ভিত্তিক শ্রমিক মজুরির হার নির্ধারণ করা হয়েছিল সেসব কার্যালয়ের জন্য নির্দেশক্রমে নিম্নবর্ণিত শর্তে দৈনিক ভিত্তিক শ্রমিক মজুরির হার পুন:নির্ধারণ করা হলো ঃ

| ক্রঃ নং | দপ্তরের অবস্থান | শ্রমিকের ধরণ | বিদ্যমান দৈনিক মজুরির হার | পুনঃনির্ধারিত দৈনিক মজুরির হার |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকা | নিয়মিত দক্ষ শ্রমিক | ৫০০/- (পাঁচ শত) টাকা | ৬০০/- (ছয়শত) টাকা |
| | | অনিয়মিত অদক্ষ শ্রমিক | ৪৭৫/- (চারশত পচাত্তর) টাকা | ৫৭৫/- (পাঁচশত পঁচাত্তর) টাকা |
| ২। | বিভাগীয় শহর এবং অন্যান্য সিটি কর্পোরেশন এলাকা | নিয়মিত দক্ষ শ্রমিক | ৫০০/- (পাঁচ শত) টাকা | ৬০০/- (ছয়শত) টাকা |
| | | অনিয়মিত অদক্ষ শ্রমিক | ৪৫০ /- (চারশত পঞ্চাশ) টাকা | ৫৫০/- ( পাঁচশতপঞ্চাশ) টাকা |
| ৩। | জেলা ও উপজেলা এলাকা | নিয়মিত দক্ষ শ্রমিক | ৪৫০ /- (চারশত পঞ্চাশ) টাকা | ৫৫০/- (পাঁচশত পঞ্চাশ) টাকা |
| | | [illegible]মিত অদক্ষ শ্রমিক | ৪০০/- (চারশত) টাকা | ৫০০/- (পাঁচ শত) টাকা |

**শর্তাবলি ঃ**

১. শ্রমিকের সংখ্যা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে ;
২. সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর/সংস্থার নিজস্ব বাজেট বরাদ্দ থেকে এ ব্যয় নির্বাহ করতে হবে। এ খাতে অতিরিক্ত বরাদ্দ দাবি করা যাবেনা ;
৩. উল্লিখিত দৈনিক মজুরির হারে মাসিক ভিত্তিক শ্রমিক নিয়োগ করা যাবে না ;
৪. অর্থ বিভাগ কর্তৃক কেইস টু কেইস ভিত্তিতে ইতঃপূর্বে যেসব দপ্তরের বিপরীতে দৈনিক ভিত্তিক শ্রমিক মজুরির হার নির্ধারণ করা হয়েছিল এ পুনঃ নির্ধারিত হার শুধু সেসব দপ্তরের জন্য প্রযোজ্য হবে ;
৫. এ বিষয়ে কোন অনিয়ম পরিলক্ষিত হলে বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে ;
৬. এ ব্যয়ের ক্ষেত্রে যাবতীয় আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে; এবং
৭. দৈনিক ভিত্তিক পুনঃনির্ধারণকৃত শ্রমিক মজুরির হার আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে।

১২/১০/২০২০

(মোঃ হাসানুল মতিন)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৪০১৮৩
e-mail: hasanulm@finance.gov.bd

বিতরণ:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা । (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৩ সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব,---------------------------------------------মন্ত্রণালয়/বিভাগ (তাঁর অধীনস্থ সংশ্লিষ্ট দপ্তর সমূহে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৪ হিসাব মহানিয়ন্ত্রক, সেগুন বাগিচা, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
৫ অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সিনিয়র সচিব, অর্থ বিভাগ মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭ সিনিয়র সিস্টেম এনালিষ্ট, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তাঁকে অফিস স্মারকটি অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো) ।
৮। অফিস কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৩

নং: ০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫ (অংশ-৩)-১০০

তারিখঃ ০২ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
১৫ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ সরকারের মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/দপ্তর/রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এর আওতায় "দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫"।**

সরকারের মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/দপ্তর/রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এর আওতায় জরুরি কার্য সম্পাদনে সম্পূর্ণরূপে সাময়িকভাবে দৈনিক ভিত্তিতে শ্রমিক নিয়োজিতকরণের লক্ষ্যে জনস্বার্থে নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হইল:

**১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন:**

(১) এই নীতিমালা 'দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫' নামে অভিহিত হইবে;
(২) এই নীতিমালা অবিলম্বে কার্যকর হইবে;
(৩) এই নীতিমালা শুধুমাত্র সাময়িক শ্রমিক নিয়োজিতকরণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে;
(৪) সকল মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থা/ দপ্তর/ রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান-এ সাময়িকভাবে নিয়োজিত শ্রমিকের মজুরির হার অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত হইবে।

**২। সংজ্ঞা- বিষয়ের পরিপন্থী কিছু না থাকিলে এ নীতিমালায়-**

(ক) 'সাময়িক শ্রমিক' অর্থ কেবল মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থা/ দপ্তর/ রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এর আওতায় দৈনিক ভিত্তিতে সাময়িকভাবে নিয়োজিত ব্যক্তি ও যিনি সরকারি তহবিল বা প্রতিষ্ঠানের নিজস্ব অর্থ হইতে দৈনিক ভিত্তিতে মজুরি প্রাপ্য হইবেন;

(খ) 'শ্রমিকের ধরণ' বলিতে শুধুমাত্র দৈনিক মজুরিতে নিযুক্ত শ্রমিক বুঝাইবে, যাহারা সাময়িক ধরনের কাজের জন্য নিয়োজিত হইবেন;

(গ) 'সাময়িক কার্য' বলিতে সরকারের মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থা/ দপ্তর/ রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের জরুরি ধরণের অত্যাবশ্যক কাজ বুঝাইবে, যাহা সময়ে সময়ে প্রয়োজন হয় এবং উক্ত প্রতিষ্ঠানসমূহের বিদ্যমান জনবল দ্বারা সম্পাদন করা সম্ভবপর হয় না;

(ঘ) 'নিয়োজিতকরণ কর্তৃপক্ষ' বলিতে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/দপ্তর/রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং বিভাগীয়/জেলা/উপজেলা পর্যায়ের অফিস প্রধান যিনি শ্রমিক নিয়োজিত করিবেন তাঁহাকে বুঝাইবে।

**৩। নিম্নলিখিত বিষয়সমূহ এই নীতিমালার আওতা বহির্ভূত থাকিবে:**

(ক) এই নীতিমালার অনুচ্ছেদ ২ (ক)-তে বর্ণিত শ্রমিকের সংজ্ঞা ও সংশ্লিষ্ট বিষয় ব্যতীত অন্য কোন আইন/অধ্যাদেশ বা বিধির আলোকে অন্য কোন সংস্থা কর্তৃক প্রদত্ত শ্রমিকের সংজ্ঞা;
(খ) 'কোম্পানি আইন ১৯৯৪'-এর আওতায় গঠিত কোন রাষ্ট্রায়ত্ত কোম্পানি কর্তৃক নিযুক্ত শ্রমিক;
(গ) 'সোসাইটিজ রেজিস্ট্রেশন অ্যাক্ট ১৮৬০' এর আওতায় গঠিত কোন প্রতিষ্ঠান কর্তৃক নিযুক্ত শ্রমিক;
(ঘ) 'বাংলাদেশ শ্রম আইন, ২০০৬' ও 'বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫' প্রযোজ্য হয়, এরূপ শিল্প প্রতিষ্ঠানসমূহ কর্তৃক নিযুক্ত শ্রমিক।

**৪। দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণের ক্ষেত্রে অনুসরণযোগ্য বিষয়াদি:**

(ক) সাময়িক শ্রমিক নিয়োজিতকরণের লক্ষ্যে কোন পদ সৃজন করা যাইবে না;

(খ) অন্য কোন আইন/অধ্যাদেশ বা বিধিতে দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ সংক্রান্ত বিষয় সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকিলে, মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর/ রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান /স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের জরুরি কাজের জন্য শ্রমিক নিয়োজিতকরণের ক্ষেত্রে অর্থ বিভাগের অনুমোদনক্রমে উক্ত আইন/অধ্যাদেশ অনুসরণ করিয়া শ্রমিক নিয়োজিত করা যাইতে পারে;

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

(গ) একজন সাময়িক শ্রমিক দৈনিক ভিত্তিতে নিয়োজিত হইবেন এবং মাসে ২২ (বাইশ) দিনের বেশি সময়ের জন্য কোনক্রমে নিয়োজিত রাখা যাইবে না;

(ঘ) সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান-এ নিয়োজিত শ্রমিকের জাতীয় পরিচয় পত্র (NID)/জন্ম নিবন্ধন সনদ -সহ প্রাথমিক ব্যক্তিগত তথ্যাদি, মজুরি ইত্যাদি বিষয়ে নিয়োজিতকরণ কর্তৃপক্ষ ডিজিটাল ডাটাবেইজ সংরক্ষণ করিবে;

(ঙ) অত্যাবশ্যকীয়ভাবে কার্যক্রম বাস্তবায়নে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ বিষয় বা এতদ্‌সংশ্লিষ্ট বিশেষ ব্যতিক্রম কোন বিষয় উত্থাপিত হইলে বা থাকিলে অর্থ বিভাগের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে;

(চ) অনুমোদিত শূণ্য পদ/নিয়মিত পদ/জাতীয় বেতন স্কেলের গ্রেডভুক্ত পদের বিপরীতে কাজ করিবার জন্য সাময়িক শ্রমিক নিয়োজিত করা যাইবে না;

(ছ) অর্থ বিভাগ-এর 'আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮' অথবা এর সর্বশেষ সংশোধিত নীতিমালার আওতাভুক্ত সেবাসমূহের বিপরীতে দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিত করা যাইবে না;

(জ) শ্রমিক নিয়োজিতকরণের ক্ষেত্রে নারী, পুরুষ ও তৃতীয় লিঙ্গের মধ্যে কোন লিঙ্গ বৈষম্য লালন করা যাইবে না।

**৫। দৈনিক ভিত্তিতে নিয়োজিতকরণের ক্ষেত্রে সাময়িক শ্রমিকের যোগ্যতা:**

(ক) জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হইতে হইবে;
(খ) শ্রমিকের বয়সসীমা হইবে ১৮-৫৮ বছর;
(গ) শারিরীক ও মানসিকভাবে সক্ষম হইতে হইবে;
(ঘ) শ্রমিক নিয়োজিত করার সময় বয়সের প্রমাণস্বরূপ জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদ থাকিতে হইবে;
(ঙ) শ্রমিক নিয়োজিত করার সময় সার্বিক সামাজিক আচরণ ও স্বভাব-চরিত্র বিষয়ে স্থানীয় গণ্যমান্য ব্যক্তি/ সিটি কর্পোরেশন/ পৌরসভা এর কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ইতিবাচক প্রত্যয়নপত্র থাকিতে হইবে।

**৬। মজুরি/পারিশ্রমিক নির্ধারণ:**

(ক) মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/রাষ্টায়ত্ত প্রতিষ্ঠান/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের জরুরি কাজের জন্য নিয়োজিত সাময়িক শ্রমিকের মজুরির হার নির্ধারণের ক্ষেত্রে অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত শ্রমিক মজুরি সংক্রান্ত পরিপত্র অনুসরণ করিতে হইবে যাহা অর্থ বিভাগ কর্তৃক প্রয়োজনে সময়ে সময়ে পরিমার্জন/পরিবর্তন/সংশোধন করা যাইবে;

(খ) জরুরি কাজের জন্য নিয়োজিত সাময়িক শ্রমিক অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত মজুরি ব্যতীত অন্য কোন আর্থিক সুবিধা প্রাপ্য হইবেন না;

(গ) মজুরি প্রদানের ক্ষেত্রে নারী, পুরুষ ও তৃতীয় লিঙ্গের মধ্যে কোন প্রকার বৈষম্য করা যাইবে না;

(ঘ) শ্রমিক নিয়োজিতকরণ কর্তৃপক্ষ অর্থবছরের সুনির্দিষ্ট কাজের জন্য মোট জন-দিন হিসাবে সাময়িক শ্রমিককে প্রদেয় মজুরি বাবদ প্রয়োজনীয় বাজেট বরাদ্দ হিসাব করিতে হইবে;

(ঙ) সাময়িক শ্রমিক নিয়োজিতকরণের অনুমোদন/বাজেট বরাদ্দের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণকালে সংযুক্ত ছক (তফসিল-ক) অনুযায়ী আবশ্যিকভাবে তথ্য প্রেরণ করিতে হইবে।

৭। যে সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/দপ্তর/রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের শ্রমিক নিয়োগ সংক্রান্ত নিজস্ব বিধি/প্রবিধি/নীতিমালা রহিয়াছে এই নীতিমালা কার্যকর হইবার পর অর্থ বিভাগের মতামত গ্রহণ সাপেক্ষে তাহা সংশোধন করিতে হইবে।

৮। শ্রমিকের ব্যাংক একাউন্ট/ মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (MFS)- এর মাধ্যমে মজুরি প্রদান করিতে হইবে। ব্যাংক একাউন্ট/মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (MFS)-এর হিসাব বিবরণী নিয়োজিতকরণ কর্তৃপক্ষ কর্তৃক পরবর্তী মাসের বিলের সাথে হিসাবরক্ষণ অফিসে আবশ্যিকভাবে দাখিল ও সমন্বয় করিতে হইবে।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

৯। শ্রমিক নিয়োজিতকরণ কর্তৃপক্ষ নিয়োজিত শ্রমিকের জন্য নিরাপদ ও শোভন কর্মপরিবেশ নিশ্চিত করিবে;

১০। নিয়োজিত নারী শ্রমিকের জন্য নিরাপদ ও নারী বান্ধব কর্মপরিবেশ নিশ্চিত করিতে হইবে;

১১। শ্রমিক নিয়োজিতকরণ কর্তৃপক্ষ শ্রমিকদের কর্মকালে পরিবেশের উপর যেন কোন বিরূপ প্রভাব না পড়ে সেই বিষয়টি নিশ্চিত করিবে।

স্বাক্ষরিত/-
১৫-০৪-২০২৫
ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার
অর্থ সচিব

**"তফসিল ক"**

| ক্রমিক | মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর /দপ্তর সংস্থার নাম | দৈনিক ভিত্তিক শ্রমিকের ধরণ ও সংখ্যা | শ্রমিক মজুরি হার | দৈনিক ভিত্তিক শ্রমিক নিয়োজিতকরণের অনুমোদন প্রদানকারী কর্তৃপক্ষ | অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত দৈনিক ভিত্তিক শ্রমিকের সংখ্যা | দৈনিক ভিত্তিক শ্রমিক নিয়োজিত করা সম্পর্কে বিদ্যমান নীতিমালা/বিধি/অন্যান্য সংশ্লিষ্ট আদেশ | প্রস্তাবিত বাজেট | মন্তব |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

নং: ০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫(অংশ-৩)-১০০

তারিখঃ ০২ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ / ১৫ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২। মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়
৩। সিনিয়র সচিব/সচিব..........................(সকল মন্ত্রণালয়/বিভাগ)
৪। সচিব, রাষ্ট্রপতির সচিবালয়
৫। সচিব, জাতীয় সংসদ সচিবালয়
৬। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়
৭। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড
৮। সচিব, বাংলাদেশ কর্ম কমিশন সচিবালয়
৯। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক
১০। হিসাব মহা নিয়ন্ত্রক

১৫/০৪/২০২৫
(দিলরুবা শাহীনা)
অতিরিক্ত সচিব
ফোন: ০২-০০৩৩৫৬৫৫৪
ই-মেইল: shaheena.dilruba@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-২ অধিশাখা
**www.mof.gov.bd**

নং-০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫(অংশ-৩)-১৩০

০৮ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
তারিখঃ ---------------------------
২২ মে ২০২৫ খ্রিস্টাব্দ

## পরিপত্র

**বিষয়ঃ "দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫"-এর আওতায় শ্রমিক-এর মজুরির হার পুনঃনির্ধারণ।**

সরকারের মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/দপ্তর/রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এর আওতায় জরুরি কার্য সম্পাদনে সম্পূর্ণরূপে সাময়িকভাবে দৈনিক ভিত্তিতে শ্রমিক নিয়োজিতকরণের লক্ষ্যে প্রণীত "দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫" অনুযায়ী সরকার সাময়িক শ্রমিকের দৈনিক মজুরির হার নিম্নবর্ণিত শর্তে পুনঃনির্ধারণ করলঃ

| ক্রঃ নং | দপ্তরের অবস্থান | বিদ্যমান | | পুনঃনির্ধারিত | |
|---|---|---|---|---|---|
| | | শ্রমিকের ধরণ | দৈনিক মজুরির হার (টাকা) | শ্রমিকের ধরণ | দৈনিক মজুরির হার (টাকা) |
| (০১) | (০২) | (০৩) | (০৪) | (০৫) | (০৬) |
| ১। | ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকা | নিয়মিত দক্ষ শ্রমিক | ৬০০/- (ছয় শত) | দৈনিক ভিত্তিতে নিয়োজিত সাময়িক শ্রমিক | ৮০০/- (আট শত) |
| | | অনিয়মিত অদক্ষ শ্রমিক | ৫৭৫/- (পাঁচ শত পঁচাত্তর) | | |
| ২। | বিভাগীয় শহর এবং অন্যান্য সিটি কর্পোরেশন এলাকা | নিয়মিত দক্ষ শ্রমিক | ৬০০/- (ছয় শত) | | ৭৫০/- (সাত শত পঞ্চাশ) |
| | | অনিয়মিত অদক্ষ শ্রমিক | ৫৫০/- (পাঁচ শত পঞ্চাশ) | | |
| ৩। | জেলা ও উপজেলা এলাকা | নিয়মিত দক্ষ শ্রমিক | ৫৫০/- (পাঁচ শত পঞ্চাশ) | | ৭০০/- (সাত শত) |
| | | অনিয়মিত অদক্ষ শ্রমিক | ৫০০/- (পাঁচ শত) | | |

শর্তাবলিঃ

ক) "দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫" অনুযায়ী শ্রমিক নিয়োজন, মজুরি প্রদান এবং উপযুক্ত কর্মপরিবেশ নিশ্চিতসহ অন্যান্য নির্দেশনা অনুসরণ করতে হবে;
খ) শ্রমিকের সংখ্যা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে;
গ) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর/সংস্থার অনুকূলে বরাদ্দকৃত বাজেট থেকে এ ব্যয় নির্বাহ করতে হবে;
ঘ) উল্লিখিত দৈনিক মজুরির হারে মাসিক ভিত্তিক শ্রমিক নিয়োগ করা যাবে না;
ঙ) এ বিষয়ে কোন অনিয়ম পরিলক্ষিত হলে বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
চ) এ ব্যয়ের ক্ষেত্রে যাবতীয় আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এই পরিপত্র ১ জুলাই, ২০২৫ তারিখ থেকে কার্যকর হবে এবং উক্ত তারিখ হতে অর্থ বিভাগ কর্তৃক ইতঃপূর্বে জারীকৃত এতদবিষয়ক শ্রমিক মজুরি সংক্রান্ত আদেশ/পরিপত্রসমূহ বাতিল বলে গণ্য হবে।

(ড. মোঃ ফেরদৌস আলম)
যুগ্মসচিব
ফোন: ০২-৯৫৪০২৯১
ই-মেইল: afardous@finance.gov.bd

বিতরণ:

(১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
(২) মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
(৩) সিনিয়র সচিব/সচিব,.................................................................................মন্ত্রণালয়/বিভাগ।
(তাঁর অধীনস্থ সংশ্লিষ্ট দপ্তর সমূহে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
(৪) হিসাব মহানিয়ন্ত্রক, সেগুন বাগিচা, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
(৫) অর্থ উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৬) সচিব, অর্থ বিভাগ মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তাঁকে পরিপত্রটি অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
(৮) অফিস কপি।

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ৪, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-৩ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১৭ কার্তিক, ১৪২২ বঙ্গাব্দ/০১ নভেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৩১৯-আইন/২০১৫।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, Bangladesh Services (Recreation Allowances) Rules, 1979 এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন, যথা:—

উপরি-উক্ত Rules এর—

(ক) rule 2 এর—

(অ) Clause (a) এর পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ clause (a) এবং (aa) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(a) **"Autonomous body"** means any body, authority, corporation or institution constituted or established by or under any law;

(aa) **"Government"** means the government of the People's Republic of Bangladesh;"



মূল্য ঃ টাকা ৪.০০

(আ) clause (c) তে উল্লিখিত "Order, 1977" শব্দগুলি, কমা এবং সংখ্যার পর "or any other Rules or Regulations which is applicable for the employees of the Autonomous body " শব্দগুলি সন্নিবেশিত হইবে; এবং

(ই) clause (e) তে উল্লিখিত "Government servant" শব্দগুলির পর "and the employees of the Autonomous body" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(খ) rule 3 তে উল্লিখিত "Government servants" শব্দগুলির পর "and the employees of the Autonomous body" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(গ) rule 4 এ উল্লিখিত "Government servant" শব্দগুলির পর "and the employees of the Autonomous body" শব্দগুলি সন্নিবেশিত হইবে; এবং

(ঘ) rule 6 এ উল্লিখিত "Government servant" শব্দগুলির পর "and the employees of the Autonomous body, as the case may be," শব্দগুলি এবং কমাগুলি সন্নিবেশিত হইবে।

২। ইহা ০১-০৭-২০১৫ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

তপন কুমার কর্মকার
অতিরিক্ত সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ড. মহিউদ্দীন আহমেদ (উপসচিব), উপপরিচালকের দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি -৩ অধিশাখা
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭৩.০২২.৭০.১৮-১৭

তারিখঃ ১৫/১১/১৪২৪ বঃ
২৭/০২/২০১৮খ্রিঃ

# পরিপত্র

বিষয়ঃ সরকারি কর্মচারীদের অতিরিক্ত দায়িত্ব/চলতি দায়িত্ব পালনের জন্য কার্যভারভাতা প্রদান ।

মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অধীনস্থ অফিসসমূহে প্রায়শ কিছু পদ শূন্য থাকতে দেখা যায়। শূন্য পদসমূহ নতুন নিয়োগ পর্যন্ত শূন্য রাখা জনস্বার্থে সমীচীন নয় বিধায় একজন সরকারি কর্মচারীকে নিজস্ব পদের পাশাপাশি অন্য পদে অতিরিক্ত দায়িত্ব/চলতি দায়িত্ব প্রদানের বিধান রয়েছে। এরূপ অতিরিক্ত/ চলতি দায়িত্বপ্রাপ্ত পদে দায়িত্ব পালনের জন্য সময়ে সময়ে অর্থ বিভাগ হতে জারীকৃত কার্যভারভাতা প্রদান সংক্রান্ত অফিস স্মারক/পরিপত্র/প্রজ্ঞাপনের ভিত্তিতে কার্যভারভাতা প্রদান করা হয়ে থাকে। এ বিষয়ে অর্থ বিভাগের প্রবিধি-২ শাখা হতে সর্বশেষ জারীকৃত স্মারক নং-MF/R-11/AP-5/82-175, dated-7-6-82 বাতিলক্রমে কার্যভারভাতা প্রদান সংক্রান্ত শর্তাবলি নিম্নরূপভাবে নির্ধারণ করা হলোঃ-

(ক) কার্যভারভাতা প্রদানের ক্ষেত্রে অতিরিক্ত দায়িত্ব/চলতি দায়িত্ব প্রদানের তারিখ উল্লেখসহ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অফিস আদেশ জারি করতে হবে;

(খ) সংশ্লিষ্ট পদের জন্য প্রয়োজনীয় যোগ্যতার চেয়ে কম যোগ্যতাসম্পন্ন কোন কর্মচারীকে অতিরিক্ত দায়িত্ব/চলতি দায়িত্ব প্রদান করা যাবে না;

(গ) একজন কর্মচারী যে পদে কর্মরত তার সমপদে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা যাবে। তবে, নিজ পদের চেয়ে নিম্ন পদে অথবা ৩য় কোন পদের দায়িত্ব প্রদান করা হলে তিনি কোন কার্যভারভাতা প্রাপ্য হবেন না;

(ঘ) একজন কর্মচারীকে নিজ পদের চেয়ে উচ্চতর পদে চলতি দায়িত্ব প্রদান করা হলে তিনি কার্যভারভাতা প্রাপ্য হবেন;

(ঙ) কোন কর্মচারীকে নিজ পদের চেয়ে নিম্নপদে অথবা একই সাথে একাধিক পদে চলতি দায়িত্ব প্রদান করা যাবে না;

(চ) নতুন সৃষ্ট পদে কোন কর্মচারীকে পদায়ন না করে উক্ত পদে অতিরিক্ত দায়িত্ব/চলতি দায়িত্ব প্রদান করা হলে তিনি কার্যভারভাতা প্রাপ্য হবেন না ;

(ছ) অতিরিক্ত/চলতি দায়িত্বপ্রাপ্ত পদে ৩(তিন)সপ্তাহের কম সময়ের জন্য দায়িত্ব পালনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী কোন কার্যভারভাতা প্রাপ্য হবেন না;

(জ) অতিরিক্ত দায়িত্বের স্থায়ীত্ব ৬(ছয়) মাসের অধিক হলে ছয় মাস অতিক্রমের পূর্বে অর্থ বিভাগে সম্মতির জন্য প্রেরণ করতে হবে;

(ঝ) চলতি দায়িত্ব পালনকালীন পুরো সময়ের জন্য সংশ্লিষ্ট কর্মচারী কার্যভারভাতা প্রাপ্য হবেন;

(ঞ) অতিরিক্ত দায়িত্ব/চলতি দায়িত্ব পালনের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মচারী চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ,২০১৫ এর অনুচ্ছেদ ২২ অনুযায়ী কার্যভারভাতা প্রাপ্য হবেন।

০২। অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত কার্যভারভাতা প্রদান সম্পর্কিত অন্যান্য অফিস স্মারক/পরিপত্র/ প্রজ্ঞাপন এতদ্দারা বাতিল করা হলো।

স্বাঃ/-মোঃ মনির উদ্দিন
তাং২৭/০২/২০১৮
অতিরিক্ত সচিব (প্রবিধি)
অর্থ বিভাগ।

নং-০৭.০০.০০০০.১৭৩.০২২.৭০.১৮-১৭(২০০)

তারিখঃ ১৫/১১/১৪২৪ বঃ
২৭/০২/২০১৮খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'লঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

২। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক,বাংলাদেশ, অডিট হাউজ,৭৭/৭,কাকরাইল, ঢাকা। (তাঁর আওতাভুক্ত সকল অফিসে অনুলিপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।

৩। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব ------------------------(সকল)।

৪। হিসাব মহা-নিয়ন্ত্রক, হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা। (তাঁর আওতাভুক্ত সকল অফিসে অনুলিপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।

৫। বিভাগীয় কমিশনার ..............................................(সকল)।

৬। জেলা প্রশাসকের কার্যালয়.......................................জেলা (সকল)।

৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা...........................মন্ত্রণালয় বিভাগ(সকল)।

৮। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা ..................................জেলা(সকল)।

৯। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক-------------------------------বিভাগ(সকল)।

১০। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,------------------------উপজেলা (সকল)।

১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

১২। অফিস কপি।

২৭/০২/২০১৮
(লায়লা মুনতাজেরী দীনা)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ,অর্থ মন্ত্রণালয়
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-৩ শাখা
Website:www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭৩.৫৫.০১০.১৩(অংশ-২)-১২২

তাং ৩১/০১/১৪৩২ব. / ১৪/০৫/২০২৫খ্রি.

বিষয়ঃ ৩৭টি সরকারি মেডিকেল কলেজের বেসিক সাবজেক্টের শিক্ষকদের শতভাগ প্রণোদনা ভাতা প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের স্মারক নং-৫৯.০০.০০০০.১৪০.১৮.০২০.২৩-৬৯২,তাং-২৭/১১/২০২৪খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ৩৭টি সরকারি মেডিকেল কলেজের বেসিক সাবজেক্টে (এনাটমি, ফিজিওলজী, ভাইরোলজি, ফার্মাকোলজি, বায়োকেমিস্ট্রি, ফরেনসিক মেডিসিন, কমিউনিটি মেডিসিন, মাইক্রোবায়োলজি, প্যাথলজি ও এ্যানেসথেসিওলজি) কর্মরত শিক্ষকগণের অনুকূলে গ্রেডভিত্তিক মূলবেতনের ৫০% হারে মাসিক প্রণোদনা ভাতা প্রদানে নিম্নোক্ত শর্তাদি পরিপালন সাপেক্ষে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলোঃ-

শর্তাদিঃ

(১) বেসিক সাবজেক্টের শিক্ষকগণকে মাসিক প্রণোদনা ভাতা প্রদানের লক্ষ্যে তাঁদের নিকট হতে দাপ্তরিকভাবে নন-প্র্যাকটিসিং ডিক্লারেশন নিতে হবে;

(২) কোন শিক্ষক নন-প্র্যাকটিসিং ডিক্লারেশন দিতে ব্যর্থ হলে কিংবা প্র্যাকটিসিং-এর সাথে জড়িত হলে তিনি উক্ত প্রণোদনা ভাতা প্রাপ্তির জন্য বিবেচিত হবেন না। এ বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যথাযথভাবে অব্যাহত মনিটরিং এর মাধ্যমে নিশ্চিত করবেন।

(৩) ২০২৫-২০২৬ অর্থবছর হতে মূলবেতনের ৫০% হারে মাসিক প্রণোদনা ভাতা কার্যকর হবে;

(৪) এ ভাতা প্রদানের ক্ষেত্রে যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অবশ্যই অনুসরণ করতে হবে; এবং

(৫) এ ভাতা সংক্রান্ত ব্যয়ে ভবিষ্যতে কোন অনিয়ম দেখা দিলে বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

১৪/৫/২০২৫
(মোসাঃ শরীফুন্নেসা)
উপসচিব
ফোনঃ ০২-৯৫১৪৪৮৭

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ সদয় অবগতির জন্যঃ-

(১) অর্থ উপদেষ্টার একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (অর্থ উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(২) অর্থ সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(৩) অতিঃসচিব(প্রবিধি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৪) যুগ্মসচিব(প্রবিধি-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৫) অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি অধিশাখা-৪
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭৪.৩০.০০৭.১৪. ২৮

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪৩১ ব. / ১১ জুন ২০২৪ খ্রি.

**বিষয়: বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) সদস্যদের অবসরকালীন রেশন ভাতা প্রদান।**

সূত্র: জননিরাপত্তা বিভাগের স্মারক নং: ৪৪.০০.০০০০.১১৬.২৬.০০১.১২.১১৮, তারিখ-১৪.৯.২০২৩ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রিক্ষিতে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)-এর সদস্যদের অবসরোত্তর পর্যায়ে মাসিক রেশন ভাতা প্রদানে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হ'ল:

(ক) বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)-এর যে সকল সদস্য ০১/০৭/২০২৪ খ্রি. তারিখ ও তৎপরবর্তী সময়ে অবসরে যাবেন কেবলমাত্র তাঁরা এ সুবিধা প্রাপ্য হবেন;

(খ) পরিবারের সদস্য সংখ্যা যাই হোক না কেন বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)-এর অবসরপ্রাপ্ত সদস্যের পরিবার প্রতি প্রাপ্তবয়স্ক দুই (০২) জন করে জনপ্রতি মাসিক ১০০০/- (এক হাজার) টাকা হারে রেশন ভাতা প্রাপ্য হবেন;

(গ) অবসরপ্রাপ্ত সদস্যদের রেশন ভাতা প্রদান বাবদ অর্থনৈতিক কোড সৃজন করে উক্ত অর্থনৈতিক কোড হতে ব্যয় মেটাতে হবে;

(ঘ) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ হতে এ সংক্রান্ত আদেশ জারি করতে হবে এবং জারিকৃত আদেশটি অর্থ বিভাগ হতে পৃষ্ঠাংকন করতে হবে।

১১/০৬/২০২৪

(সৈয়দ আলী বিন হাসান)
উপসচিব
অর্থ বিভাগ
ফোন: ০২-৫৫১০০১৮৩

সচিব
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে): (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২। মাননীয় অর্থমন্ত্রী'র একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মাননীয় অর্থ প্রতিমন্ত্রী'র একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। অর্থ সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব (প্রবিধি)-এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি অধিশাখা-৪
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭৪.৩০.০০৬.২৩.29

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪৩১ ব.
১১ জুন ২০২৪ খ্রি.

**বিষয়: বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর কর্মকর্তা-কর্মচারী ও ব্যাটালিয়ন আনসার সদস্যদের অবসরকালীন রেশন ভাতা প্রদান।**

সূত্র: জননিরাপত্তা বিভাগের স্মারক নং: স্ব:ম:(আ-১)/বিবিধ-১০/২০০৯/২২০; তারিখ-২৯-০৮-২০২৩ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর কর্মকর্তা-কর্মচারী ও ব্যাটালিয়ন আনসার সদস্যদের অবসরোত্তর পর্যায়ে মাসিক রেশন ভাতা প্রদানে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হ'ল:

(ক) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর যে সকল কর্মকর্তা-কর্মচারী ও ব্যাটালিয়ন আনসার সদস্য ০১/০৭/২০২৪ খ্রি. তারিখ ও তৎপরবর্তী সময়ে অবসরে যাবেন কেবলমাত্র সে সকল কর্মকর্তা-কর্মচারী ও ব্যাটালিয়ন আনসার সদস্য এ সুবিধা প্রাপ্য হবেন;

(খ) পরিবারের সদস্য সংখ্যা যাই হোক না কেন বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর কর্মকর্তা-কর্মচারী ও ব্যাটালিয়ন আনসার-এর অবসরপ্রাপ্ত সদস্যদের পরিবার প্রতি প্রাপ্তবয়স্ক দুই (০২) জন করে জনপ্রতি মাসিক ১,০০০/- (এক হাজার) টাকা হারে রেশন ভাতা প্রাপ্য হবেন;

(গ) অবসরপ্রাপ্ত সদস্যদের রেশন ভাতা প্রদান বাবদ অর্থনৈতিক কোড সৃজন করে উক্ত অর্থনৈতিক কোড হতে ব্যয় মেটাতে হবে;

(ঘ) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ হতে এ সংক্রান্ত আদেশ জারি করতে হবে এবং জারিকৃত আদেশটি অর্থ বিভাগ হতে পৃষ্ঠাংকন করতে হবে।

১১/০৬/২০২৪

(সৈয়দ আলী বিন হাসান)
উপসচিব
অর্থ বিভাগ
ফোন: ০২-৫৫১০০১৮৩

সচিব
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে): (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২। মাননীয় অর্থমন্ত্রী'র একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মাননীয় অর্থ প্রতিমন্ত্রী'র একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। অর্থ সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব (প্রবিধি)-এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-৪ শাখা
www.mof.gov.bd

০২ পৌষ ১৪৩১
স্মারক নং- ০৭.০০.০০০০.১৭৪.৩৩.০৩৯.২১-৭৩ তারিখ: ---------------------
১৭ ডিসেম্বর ২০২৪

**বিষয়:** বাংলাদেশ কোস্টগার্ডের অবসরপ্রাপ্ত অসামরিক সদস্যগণের জন্য অবসরোত্তর পর্যায়ে আজীবন মাসিক রেশনভাতা প্রদান সংক্রান্ত।

সূত্র: জননিরাপত্তা বিভাগ এর পত্র নং- ৪৪.০০.০০০০.১১৮.০৬.০১১.১৪-২১৮, তারিখ ১৯/১১/২০২৪ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কোস্টগার্ডের অবসরপ্রাপ্ত অসামরিক সদস্যগণের জন্য অবসরোত্তর পর্যায়ে আজীবন মাসিক রেশনভাতা প্রদানে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে সম্মতি (concurrence) জ্ঞাপন করা হলো:

(ক) বাংলাদেশ কোস্টগার্ডের যে সকল সদস্য ০১/০১/২০২৫ খ্রি. তারিখ ও তৎপরবর্তী সময়ে অবসরে যাবেন কেবলমাত্র তাঁরা এ সুবিধা প্রাপ্য হবেন;

(খ) পরিবারের সদস্য সংখ্যা যাই হোক না কেন বাংলাদেশ কোস্টগার্ড-এর অবসরপ্রাপ্ত সদস্যদের পরিবার প্রতি ০২ (দুই) জন করে জনপ্রতি মাসিক ১০০০/- (এক হাজার) টাকা হারে রেশন ভাতা প্রাপ্য হবেন;

(গ) অবসরপ্রাপ্ত সদস্যদের রেশন ভাতা প্রদান বাবদ অর্থনৈতিক কোড সৃজন করে উক্ত অর্থনৈতিক কোড হতে ব্যয় মেটাতে হবে;

(ঘ) চলতি (২০২৪-২৫) অর্থ বছরের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুকূলে বরাদ্দকৃত বাজেট থেকে এ ব্যয় নির্বাহ করতে হবে। এ জন্য অতিরিক্ত কোন অর্থ প্রদান করা হবে না;

(ঙ) পরবতী বছর সমূহে এ ব্যয় সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের এমটিবিএফ-এর আওতায় অন্তর্ভুক্ত করতে হবে; এবং

(চ) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ হতে এ সংক্রান্ত সরকারি আদেশ (জিও) জারি করতে হবে ও জারিকৃত আদেশ এর ০৪ (চার) কপি অর্থ বিভাগ হতে পৃষ্ঠাংকন করতে হবে।

১৭/১২/২৪

(সৈয়দ আলী বিন হাসান)
উপসচিব
ফোন: ৫৫১০০১৮৩

সিনিয়র সচিব/সচিব
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**অনুলিপি: কার্যার্থে ও সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। মাননীয় অর্থ উপদেষ্টা এর একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, (অর্থ উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। অতিরিক্ত সচিব (প্রবিধি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ। (অতিরিক্ত সচিব প্রবিধি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। যুগ্মসচিব (প্রবিধি-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ। (যুগ্মসচিব, প্রবিধি-২ মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৪
www.mof.gov.bd

১৬ পৌষ ১৪৩১
নং-০৭.০০.০০০০.১৭৪.৩০.০০৬.২৩-৭৫ তারিখ: ------------------
৩১ ডিসেম্বর ২০২৪

**বিষয়ঃ ব্যাটালিয়ন আনসার সদস্য/সদস্যাদের রেশন ভাতা বৃদ্ধিকরণ প্রসঙ্গে।**

সূত্র: জননিরাপত্তা বিভাগের পত্র নং-৪৪.০০.০০০০.১১৫.০১.০০২.০৩-১৫৯, তারিখ-২৪/১০/২০২৪খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর স্থায়ী ব্যাটালিয়ন আনসার সদস্য/সদস্যাদের অনুকূলে দৈনিক রেশন ভাতার বিদ্যমান হার ১০৪/- (একশত চার) টাকা হতে বৃদ্ধি করে ১২০/- (একশত বিশ) টাকা পুনঃনির্ধারণে নিম্নবর্ণিত শর্তসমূহ পালন সাপেক্ষে অর্থ বিভাগ-এর সম্মতি (Concurrence) জ্ঞাপন করা হলোঃ

শর্তাবলিঃ

(ক) ব্যাটালিয়ন আনসার সদস্য/সদস্যাদের দৈনিক রেশন ভাতার পুনঃনির্ধারিত হার আগামী ১ জানুয়ারী, ২০২৫ খ্রি. হতে কার্যকর হবে;

(খ) ব্যাটালিয়ন আনসার সদস্য/সদস্যাদের রেশন ভাতা প্রাপ্যতা নিশ্চিতকরতঃ এ ভাতা প্রদান করতে হবে;

(গ) সংশ্লিষ্ট সংস্থার চলতি অর্থবছরের নিজস্ব Resource Ceiling -এর মধ্যে এ ব্যয় নির্বাহ করতে হবে; এ বাবদ অতিরিক্ত বরাদ্দ দাবি করা যাবে না;

(ঘ) দৈনিক রেশন ভাতা প্রদানের ক্ষেত্রে যাবতীয় প্রশাসনিক ও আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে; এবং

(ঙ) এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক সরকারি আদেশ (জি.ও) জারি করে ০৪ (চার) কপি পৃষ্ঠাঙ্কনের জন্য অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।

৩১/১২/২০২৪

(সৈয়দ আলী বিন হাসান)
উপসচিব
ফোনঃ ৫৫১০০১৮৩

সিনিয়র সচিব
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

১। অতিরিক্ত সচিব, বাজেট-১ অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। অতিরিক্ত সচিব (প্রবিধি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা।
(অতিরিক্ত সচিব, প্রবিধি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। যুগ্মসচিব (প্রবিধি-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়,
(যুগ্মসচিব, প্রবিধি-২ মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৪

www.mof.gov.bd

**স্মারক নম্বর:** ০৭.০০.০০০০.০০০.১৭৪.৩৩.০০৪৩.২৫.৫৫

তারিখ: ৩০ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
১৩ মে ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: বিশেষ দিবস/উৎসব উপলক্ষ্যে বন্দিদের বিশেষ খাবারের ডায়েট স্কেল অনুমোদন প্রসঙ্গে।**

সূত্র: সুরক্ষা সেবা বিভাগের পত্র নং-৫৮.০০.০০০০.০৮৫.৯৯.০০১.২২-২২, তারিখ- ১৬/০২/২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে, বন্দিদের বিশেষ দিবস/উৎসব উপলক্ষ্যে উন্নতমানের খাবার সরবরাহের নিমিত্ত জনপ্রতি বরাদ্দ ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা হতে ২২৫/-(দুইশত পঁচিশ) টাকায় উন্নীতকরণে নির্দেশক্রমে নিম্নরূপ শর্তাদি প্রতিপালন সাপেক্ষে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলোঃ

**শর্তাবলীঃ**

(ক) আগামী ১লা জুলাই ২০২৫ তারিখ হতে এ আদেশ কার্যকর হবে;
(খ) আগামী ২০২৫-২৬ অর্থবছরে সংস্থার প্রাপ্ত বাজেট বরাদ্দের মধ্যে এ সংক্রান্ত ব্যয় সংকুলান করতে হবে;
(গ) এ সংক্রান্ত সকল প্রশাসনিক ও আর্থিক বিধি-বিধান প্রতিপালন করতে হবে;
(ঘ) এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক সরকারি আদেশ (জি.ও) জারি করে ০৪ (চার) কপি পৃষ্ঠাংকনের জন্য অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।

১৩-০৫-২০২৫
সৈয়দ আলী বিন হাসান
উপ-সচিব

সিনিয়র সচিব
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

**স্মারক নম্বর:** ০৭.০০.০০০০.০০০.১৭৪.৩৩.০০৪৩.২৫.৫৫/১ (৫)

তারিখ: ৩০ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
১৩ মে ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব (বাজেট-১ অনুবিভাগ), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ।
২। অর্থ উপদেষ্টার একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (অর্থ উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৪। অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিব (প্রবিধি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। অফিস কপি, ।

১৩-০৫-২০২৫
সৈয়দ আলী বিন হাসান
উপ-সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৪
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭৪.৩০.০০৬.২৩-২১

তারিখ: ০৪ ফাল্গুন ১৪৩১
১৭ ফেব্রুয়ারি ২০২৫

**বিষয়ঃ অঙ্গীভূত আনসার সদস্যদের রেশন বৃদ্ধিকরণ প্রসঙ্গে।**

সূত্র: জননিরাপত্তা বিভাগের পত্র নং- ৪৪.০০.০০০০.১১৫.১০.০০৮.২৪.১৯৮, তারিখ-২২ ডিসেম্বর ২০২৪খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর বর্তমান ৫৫,২৮২ জন স্মার্ট কার্ডধারী অঙ্গীভূত আনসার সদস্যগণের অনুকূলে বিদ্যমান প্রাপ্য রেশন সামগ্রীর সাথে অতিরিক্ত পরিমাণ ০১ (এক) কেজি ভোজ্য তেল, ০১ (এক) কেজি চিনি ও ০১ (এক) কেজি ডাল (মুগ) অন্তর্ভুক্তকরতঃ নিম্নবর্ণিত শর্তসমূহ পরিপালন সাপেক্ষে নিম্নোক্ত ছক অনুযায়ী রেশন সামগ্রীর প্রাপ্যতা নির্ধারণে অর্থ বিভাগ-এর সম্মতি (Concurrence) জ্ঞাপন করা হলোঃ

| ক্রমিক | পণ্যের বিবরণ | রেশন সামগ্রী (কেজি/লিটার) | |
|---|---|---|---|
| | | বিবাহিত | অবিবাহিত |
| ১. | চাল | ২৮ | ২৮ |
| ২. | গম/আটা | ২৮ | ২৮ |
| ৩. | ভোজ্য তেল | ৩ | ৩ |
| ৪. | চিনি | ৩ | ২ |
| ৫. | ডাল (মুগ) | ৩ | ২ |

**শর্তাবলীঃ**

(ক) আগামী ১ জুলাই, ২০২৫ তারিখ হতে এ আদেশ কার্যকর হবে;
(খ) আগামী ২০২৫-২৬ অর্থ বছরে সংস্থার Resource Ceiling এর মধ্যে এ সংক্রান্ত ব্যয় সংকুলান করতে হবে;
(গ) এ সংক্রান্ত সকল প্রশাসনিক ও আর্থিক বিধি-বিধান প্রতিপালন করতে হবে;
(ঘ) রেশন সামগ্রী বিতরণে চাল ও গমের বিক্রয়মূল্য নির্ধারনের ক্ষেত্রে বাজেট অনুবিভাগ, অর্থ বিভাগ-এর ৩০ জুন ২০২৪ তারিখের ০৭.০০.০০০০.১০৩.২০.০০২৮.১৩ (অংশ-২)-৯৮৪ নং স্মারক অনুসরণ করতে হবে;
(ঙ) ৫৫,২৮২ জন স্মার্ট কার্ডধারী অঙ্গীভূত আনসার সদস্যগণ যারা রেশন প্রাপ্ত হবেন তাঁদের পূর্ণাঙ্গ Data Base প্রশাসনিক মন্ত্রণালয়ে সংরক্ষণ করতে হবে; এবং
(চ) এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক সরকারি আদেশ (জি.ও) জারি করে ০৪ (চার) কপি পৃষ্ঠাংকনের জন্য অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।

১৭/২/২৫

(সৈয়দ আলী বিন হাসান)
উপসচিব
ফোনঃ ৫৫১০০১৮৩

সিনিয়র সচিব
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)**

১। অতিরিক্ত সচিব, বাজেট অনুবিভাগ-১, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
২। মাননীয় অর্থ উপদেষ্টার একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অতিরিক্ত সচিব (প্রবিধি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা। (অতিরিক্ত সচিব, প্রবিধি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি -৩ অধিশাখা
website: www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭৩.৬২.০১৯.১৫-১৫০

তারিখঃ ১২/০৯/১৪২৫ বঃ / ২৬/১২/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ১০ম গ্রেড এবং তদনিম্ন পর্যায়ের কর্মচারীদের অনুকূলে সরকার নির্ধারিত ভর্তুকি মূল্যে রেশন সামগ্রী প্রদান।

সূত্রঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের স্মারক নং- ৫৮.০০.০০০০.০৬১.১০.০১৬.১৩-৪৩৩ তাং-০৬/১১/২০১৮খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ১০ম গ্রেড এবং তদনিম্ন পর্যায়ের কর্মচারীদের অনুকূলে সরকার নির্ধারিত ভর্তুকি মূল্যে শর্তসাপেক্ষে নিম্নে উল্লিখিত রেশন সামগ্রী প্রদানে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি (Concurrence) জ্ঞাপন করা হলোঃ-

| দ্রব্যের নাম | ১ সদস্য মাসিক স্কেল কেজি/লিটার | ২ সদস্য মাসিক স্কেল কেজি/লিটার | ৩ সদস্য মাসিক স্কেল কেজি/লিটার | ৪ সদস্য মাসিক স্কেল কেজি/লিটার |
|---|---|---|---|---|
| চাল(সিদ্ধ/আতপ) | ১১ কেজি | ২০ কেজি | ৩০ কেজি | ৩৫ কেজি |
| আটা | ১২ কেজি | ২০ কেজি | ২৫ কেজি | ৩০ কেজি |
| চিনি | ১.৭৫ কেজি | ৩ কেজি | ৪ কেজি | ৫ কেজি |
| ডাল | ৩.৫ কেজি | ৫.৫ কেজি | ৭ কেজি | ৮ কেজি |
| ভোজ্য তেল | ২.৫ লিটার | ৪.৫ লিটার | ৬ লিটার | ৮ লিটার |

শর্তাবলিঃ

(ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর রেশন সামগ্রী প্রদানের বিষয়ে একটি নীতিমালা তৈরী করবে;
(খ) প্রশাসনিক মন্ত্রণালয় হতে আদেশ জারীর তারিখ হতে এ রেশন সুবিধা কার্যকর হবে;
(গ) প্রত্যেক কর্মচারী নিজে, তার স্বামী/স্ত্রী এবং সর্বোচ্চ ২(দুই) সন্তান এ রেশন সুবিধা প্রাপ্য হবেন;
(ঘ) এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক সকল আনুষ্ঠানিকতা পরিপালনপূর্বক যথানিয়মে সরকারি আদেশ (জি,ও) জারী করে আদেশের ৪(চার) কপি পৃষ্ঠাংকনের জন্য অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;
(ঙ) নিজস্ব Resource Ceiling এর মধ্যে এ ব্যয় নির্বাহ করতে হবে, এ বাবদ অতিরিক্ত বরাদ্দ দাবি করা যাবেনা;
(চ) এ রেশন সামগ্রী প্রদানের ক্ষেত্রে যাবতীয় আর্থিক বিধিবিধান যথাযথভাবে অবশ্যই অনুসরণ করতে হবে; এবং
(ছ) এ ব্যয়ে ভবিষ্যতে কোন অনিয়ম দেখা দিলে বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ি থাকবে।

২৬/১২/২০১৮

(লায়লা মুনতাজেরী দীনা)
উপসচিব
ফোনঃ ৯৫৬১১৩১
e-mail: lmdeena@finance.gov.bd

সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি -৩ অধিশাখা
website: www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭৩.৬২.০১৯.১৫-০২

২৫/০৯/১৪২৫ বঃ
তারিখঃ--------------
০৮/০১/২০১৯ খ্রিঃ

বিষয়ঃ দুর্নীতি দমন কমিশনের ১১তম হতে ২০তম গ্রেডভুক্ত কর্মচারীদের ন্যায় ১০ম গ্রেডের কর্মচারীদের রেশন সামগ্রীর মূল্য নির্ধারণ।

সুত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং- নং-০৪.০০.০০০০.৫২১.১৮.০৮৭.১৭.৬৪৪ তাং- ০৬/১২/২০১৮খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে দুর্নীতি দমন কমিশনের রেশন সুবিধাপ্রাপ্ত ১০ম গ্রেডের কর্মচারীদের জন্য ১১তম হতে ২০ তম গ্রেডভুক্ত কর্মচারীদের ন্যায় রেশন সামগ্রীর মূল্য চাল ২.১০ টাকা ও গম ১.৭৭ টাকা নির্ধারণে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি (Concurrence) জ্ঞাপন করা হলো।

০৮/০১/২০১৯
(লায়লা মুনতাজেরী দীনা)
উপসচিব
ফোনঃ ৯৫৬১১৩১
e-mail: lmdeena@finance.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি -৩ অধিশাখা
website: www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭৩.৬২.০১৯.১৫- ৫৭

তারিখঃ ১৩/০২/১৪২৬ ব. / ২৭/০৫/২০১৯ খ্রি.

বিষয়ঃ দুর্নীতি দমন কমিশনের ৯ম গ্রেড হতে তদূর্ধ্ব গ্রেডের নিজস্ব জনবলের অনুকূলে সরকার নির্ধারিত ভর্তুকি মূল্যে রেশন সামগ্রী প্রদান।

সুত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫২১.১৮.০৮৭.১৭-৬২,তাং-২৫/০৪/২০১৯খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে দুর্নীতি দমন কমিশনের ৯ম গ্রেড হতে তদূর্ধ্ব গ্রেডের নিজস্ব জনবলের অনুকূলে সরকার নির্ধারিত ভর্তুকি মূল্যে নিম্নে উল্লিখিত শর্তসাপেক্ষে নিম্নোক্ত 'ছকে' বর্ণিত হারে রেশন সামগ্রী প্রদানে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি (Concurrence) জ্ঞাপন করা হলোঃ-

| দ্রব্যের নাম | ১ সদস্য মাসিক স্কেল কেজি/লিটার | ২ সদস্য মাসিক স্কেল কেজি/লিটার | ৩ সদস্য মাসিক স্কেল কেজি/লিটার | ৪ সদস্য মাসিক স্কেল কেজি/লিটার |
|---|---|---|---|---|
| চাল(সিদ্ধ/আতপ) | ১১ কেজি | ২০ কেজি | ৩০ কেজি | ৩৫ কেজি |
| আটা | ১২ কেজি | ২০ কেজি | ২৫ কেজি | ৩০ কেজি |
| চিনি | ১.৭৫ কেজি | ৩ কেজি | ৪ কেজি | ৫ কেজি |
| ডাল | ৩.৫ কেজি | ৫.৫ কেজি | ৭ কেজি | ৮ কেজি |
| ভোজ্য তেল | ২.৫ লিটার | ৪.৫ লিটার | ৬ লিটার | ৮ লিটার |

**শর্তাবলিঃ**

(ক) প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক আদেশ জারির তারিখ হতে এ রেশন সুবিধা কার্যকর হবে;

(খ) দুর্নীতি দমন কমিশনে প্রেষণে/চুক্তিভিত্তিক নিয়োজিত/কর্মরত ৯ম গ্রেড হতে তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণ উক্ত রেশন সুবিধার আওতাভুক্ত হবেন না;

(গ) প্রত্যেক কর্মচারী নিজে, তার স্বামী/স্ত্রী এবং সর্বোচ্চ ২(দুই) সন্তান এ রেশন সুবিধা প্রাপ্য হবেন;

(ঘ) এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক সকল আনুষ্ঠানিকতা পরিপালনপূর্বক যথানিয়মে সরকারি আদেশ (জি,ও) জারী করে আদেশের ৪(চার) কপি পৃষ্ঠাংকনের জন্য অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;

(ঙ) নিজস্ব Resource Ceiling এর মধ্যে এ ব্যয় নির্বাহ করতে হবে, এ বাবদ অতিরিক্ত বরাদ্দ দাবি করা যাবেনা;

(চ) এ রেশন সামগ্রী প্রদানের ক্ষেত্রে যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অবশ্যই অনুসরণ করতে হবে; এবং

(ছ) এ ব্যয়ে ভবিষ্যতে কোন অনিয়ম দেখা দিলে বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ি থাকবে।

২৭/৫/২০১৯
(লায়লা মুনতাজেরী দীনা)
উপসচিব
ফোনঃ ৯৫৬১১৩১
e-mail: lmdeena@finance.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-৩ অধিশাখা
website: www.mof.gov.bd

১৮/০৮/১৪২৬ ব.
নং-০৭.০০.০০০০.১৭৩.৬২.০১৯.১৫-১২৩ তারিখঃ---------------
০৩/১২/২০১৯ খ্রি.

বিষয়ঃ দুর্নীতি দমন কমিশনে প্রেষণে কর্মরত কর্মকর্তাগণের অনুকূলে সরকার নির্ধারিত ভর্তুকী মূল্যে রেশন সামগ্রী প্রদান।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫২১.১৮.১০০.১৯-১৩২ তাং-১৮/১১/২০১৯খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে অর্থ বিভাগের ২৭/৫/২০১৯খ্রি. তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৬২.০১৯.১৫-৫৭ নং স্মারকের অনুবৃত্তিক্রমে দুর্নীতি দমন কমিশনে প্রেষণে কর্মরত কর্মকর্তাগণের অনুকূলে বর্ণিত স্মারকে উল্লিখিত একই শর্তসাপেক্ষে ও একই পরিমাণ রেশন সামগ্রী প্রদানে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে

০৩/১২/২০১৯
(লায়লা মুনতাজেরী দীনা)
উপসচিব
ফোনঃ ৯৫৬১১৩১
e-mail: lmdeena@finance.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

০৫। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ) ১ম-১২ তলা সরকারি অফিস ভবন, সেগুন বাগিচা, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের অনুরোধসহ)।

০৬। অতিরিক্ত সচিব ------------------------------------------ (সকল), অর্থ বিভাগ।

০৭। মহাপরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ।

০৮। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলপথ ভবন, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের অনুরোধসহ)।

০৯। বিভাগীয় কমিশনার--------------------------------(সকল) (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের অনুরোধসহ)।

১০। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।

১১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা -------------------------------------(সকল)।

১২। মাননীয় অর্থ এবং বিজ্ঞান ও প্রযুক্তি উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।

১৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

১৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ (অর্থ বিভাগের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।

১৫। অফিস কপি।

২৩/৬/২০২৫

(মোসা: শরীফুন্নেসা)

উপসচিব

ফোন:০২৯৫১৪৪৮৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-৪ শাখা
www.mof.gov.bd

স্মারক নং-০৭.০০.০০০০.১৭৪.৪৫.০০৪.২৩-০৫

তারিখ: ২৫ পৌষ ১৪৩১ / ০৯ জানুয়ারি ২০২৫

**বিষয় : চলতি ২০২৪-২৫ অর্থবছরের বাজেটে সহায়ক পুলিশের সম্মানীর হার পুনঃনির্ধারণপূর্বক সম্মতি প্রদান।**

সূত্র: জননিরাপত্তা বিভাগ হতে প্রাপ্ত পত্র নং-৪৪.০০.০০০০.০২৪.২০.০০৩.২০২৩-২৮৫,তাং-২২/১২/২০২৪খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জননিরাপত্তা বিভাগের প্রস্তাবের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত শর্তসমূহ পরিপালন সাপেক্ষে ঢাকা মেট্রোপলিটন পুলিশ অর্ডিন্যান্স ১৯৭৬ এর ১০ ধারা অনুযায়ী নিয়োজিত সহায়ক ট্রাফিক পুলিশের অনুকূলে ভ্যাট/ট্যাক্সসহ জন প্রতি (প্রতি ৪ ঘন্টার পালার জন্য) সাকুল্যে ৫৬০/- (পাঁচশত ষাট) টাকা দৈনিক ভাতা নির্ধারণে অর্থ বিভাগের সম্মতি (Concurrence) জ্ঞাপন করা হলোঃ-

(১) শুধু জরুরী ট্রাফিক ব্যবস্থাপনার ক্ষেত্রে সহায়ক ট্রাফিক পুলিশ হিসেবে নিয়োজিতকরণ প্রযোজ্য হবে;
(২) সহায়ক ট্রাফিক পুলিশের জন্য বর্ণিত ভাতা তাঁদের কর্মে নিয়োজনের তারিখ হতে কার্যকর হবে এবং ৩০ জুন, ২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে;
(৩) সহায়ক ট্রাফিক পুলিশ হিসেবে এ নিয়োজিতকরণ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে হবে;
(৪) সংস্থার নিজস্ব Resource Ceiling-এর মধ্যে এ ব্যয় নির্বাহ করতে হবে এবং এ বাবদ অতিরিক্ত বরাদ্দ দাবি করা যাবে না;
(৫) এ ভাতা প্রদানের ক্ষেত্রে যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অবশ্যই অনুসরণ করতে হবে;
(৬) এ ব্যয়ে ভবিষ্যতে কোন অনিয়ম দেখা দিলে বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে; এবং
(৭) সহায়ক ট্রাফিক পুলিশদের ব্যাংক একাউন্ট/মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস এর মাধ্যমে ভাতা প্রদান করতে হবে। প্রশাসনিক মন্ত্রণালয় বিষয়টি নিশ্চিত করবে।

সংযুক্তি: বর্ণনামতে।

৯/১/২০২৫
(মোসাঃ শরীফুন্নেসা)
উপসচিব
ফোনঃ ৫৫১০০১৮৩

সিনিয়র সচিব
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**অনুলিপি:** সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১.অতিরিক্ত সচিব (বাজেট-১ অনুবিভাগ), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
০২. একান্ত সচিব, মাননীয় অর্থ উপদেষ্টা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
০৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
০৪. অতিরিক্ত সচিব (প্রবিধি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
০৫. অফিস কপি।

বিজি প্রেস: ২০২৪-২৫/৫৫২৯(কম-এ৫) ১৫০০ বই, ২০২৫। মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।